

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা- ১০০০
www.bb.org.bd

এফইওডি সার্কুলার পত্র নং- ০৩

তারিখঃ মাঘ ২৪, ১৪২৫ বাং
ফেব্রুয়ারি ০৬, ২০১৯ ইং

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতি ব্যতীত মেয়াদোত্তীর্ণ বিল অব এন্টি ম্যাচিং প্রসঙ্গে।

বিদ্যমান বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যবস্থায় অনুসৃত পদ্ধতিতে পরিশোধিত আমদানি ব্যয়ের বিপরীতে অনিষ্পন্ন বিল অব এন্টি সংশ্লিষ্ট কেস অনেক ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের লিগ্যাল কমপ্লায়েন্স অ্যান্ড এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করা হয়ে থাকে। বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের লিগ্যাল কমপ্লায়েন্স অ্যান্ড এনফোর্সমেন্ট শাখায় বিবেচনাধীন এরূপ কোন অনিষ্পন্ন কেসের স্বপক্ষে বিল অব এন্টি প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক শাখা কর্তৃক ম্যাচিং সম্পাদিত হলে তা তাৎক্ষণিকভাবে বিল অব এন্টির কপিসহ উক্ত বিভাগকেও অবহিত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদের সকল অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে নির্দেশনা প্রদানের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(মনোয়ার উদ্দিন আহমেদ)

উপ- মহাব্যবস্থাপক

ফোনঃ +৮৮ ০২ ৫৫৬৬৫০০১- ৫/২২৮৫৫